

NYU Langone Health

গোপনীয়তার কার্যভ্যাস সংক্রান্ত বিজ্ঞপ্তি

[NYU Langone Health Notice of Privacy Practices]

আপনার চিকিৎসা সংক্রান্ত তথ্যগুলিকে কীভাবে ব্যবহার করা ও প্রকাশ করা হতে পারে এবং আপনি কীভাবে এই তথ্য দেখার সুযোগ পেতে পারেন তা এই বিজ্ঞপ্তিটি বর্ণনা করে। অনুগ্রহ করে এটিকে যত্নসহকারে পড়ুন।

আমরা আপনার গোপনীয়তা রক্ষার প্রতি অঙ্গীকারবদ্ধ

NYU Langone Health আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের ব্যক্তিগততা এবং গোপনীয়তা বজায় রাখার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। আমরা শুধুমাত্র এই বিজ্ঞপ্তির বর্ণনা অনুসারে আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ব্যবহার বা প্রকাশ (বিনিময়) করব। এই বিজ্ঞপ্তিটি পাওয়ার স্বীকৃতি হিসাবে আপনাকে একটি প্রাপ্তিস্বীকার ফর্মে স্বাক্ষর করতে বলা হবে।

কারা এই বিজ্ঞপ্তি অনুসরণ করেন

এটি একটি যৌথ বিজ্ঞপ্তি যা সমস্ত কর্মচারী, চিকিৎসা কর্মী, প্রশিক্ষণার্থী, শিক্ষার্থী, স্বেচ্ছাসেবী এবং এই স্থানগুলিতে থাকা NYU Langone Health এর এজেন্টরা অনুসরণ করেন:

- NYU Langone Hospitals (NYU Langone Health Home Care সহ)
- NYU Grossman School of Medicine (আমাদের Faculty Group Practices সহ)
- NYU Langone Health এর পরিবার স্বাস্থ্য কেন্দ্রগুলি
- Southwest Brooklyn Dental Practice

NYU Langone Health এর পরিবার স্বাস্থ্য কেন্দ্রগুলি এবং Southwest Brooklyn Dental এর সাথে NYU Langone Hospitals এবং NYU Grossman School of Medicine একটি সংগঠিত স্বাস্থ্য পরিচর্যা বন্দোবস্তে অংশগ্রহণ করে এবং এই বন্দোবস্ত সম্পর্কিত চিকিৎসা, অর্থপ্রদান এবং স্বাস্থ্য পরিচর্যা পরিচালনার জন্য নিজেদের মধ্যে আপনার তথ্য ব্যবহার ও বিনিময় করতে পারে।

যদি NYU Langone Health এর পেশাজীবীরা আপনাকে অন্য কোনো স্থানে চিকিৎসা বা পরিষেবা প্রদান করেন, উদাহরণস্বরূপ Manhattan VA Medical Center বা Bellevue Hospital Center-এ, তাহলে আপনি সেখানে যে গোপনীয়তার কার্যভ্যাস সংক্রান্ত বিজ্ঞপ্তি (Notice of Privacy Practices) পান তা প্রযোজ্য হবে।

আপনার তথ্য ব্যবহার ও বিনিময় করা

যে সকল বিভিন্ন উপায়ে আমরা আপনার তথ্য ব্যবহার ও বিনিময় করতে পারি, এই বিভাগটি সে সম্পর্কে বর্ণনা দেয়। আমরা সাধারণত এইসকল উদ্দেশ্যে আপনার সাথে ফোনে যোগাযোগ করব, কিন্তু আপনি যদি আমাদেরকে আপনার ইমেল ঠিকানা বা একটি টেক্সট মেসেজ পাঠানোর অনুমতি দিয়ে থাকেন, তাহলে আমরা সেইভাবে আপনার সাথে যোগাযোগ করতে পারি। টেক্সট মেসেজ এবং ইমেলের মাধ্যমে যোগাযোগ অনিরাপদ এবং আনএনক্রিপ্ট করা হতে পারে, এবং

NYU Langone Health

গোপনীয়তার কার্যভ্যাস সংক্রান্ত বিজ্ঞপ্তি

[NYU Langone Health Notice of Privacy Practices]

আমাদের আপনার মোবাইল ফোন নম্বর বা ইমেল প্রদান করে, আপনি NYU Langone Health কে আপনার সাথে এইভাবে যোগাযোগ করার অনুমোদন দেন।

আমরা প্রধানত চিকিৎসা, অর্থপ্রদান, এবং স্বাস্থ্য সেবা পরিচালনার উদ্দেশ্যে আপনার তথ্য ব্যবহার ও বিনিময় করি। এর অর্থ হল আমরা আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ব্যবহার ও বিনিময় করি:

- অন্যান্য সেইসকল স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সাথে যারা আপনার চিকিৎসা করছেন অথবা এমন একটি ফার্মাসির সাথে যেটি আপনার প্রেসক্রিপশন অনুসারে ওষুধ দিচ্ছে;
- স্বাস্থ্য সেবা পরিষেবাগুলির জন্য অর্থ সংগ্রহ করতে অথবা আপনার চিকিৎসার জন্য পূর্বে-অনুমোদন পেতে আপনার বিমা পরিকল্পনার সাথে; এবং
- আমাদের ব্যবসা পরিচালনা করা, আপনার সেবার উন্নতি করা, আমাদের পেশাজীবীদের শিক্ষাদান করা, এবং প্রদানকারীর সম্পাদিত কাজের মূল্যায়ন করার জন্য।

কখনো কখনো আমরা আপনার তথ্য আমাদের ব্যবসায়িক সহযোগীদের সাথে বিনিময় করতে পারি, যেমন একটি বিলিং পরিষেবা, যেটি আমাদের ব্যবসা পরিচালনার ক্ষেত্রে আমাদের সাহায্য করে। আমাদের সকল ব্যবসায়িক সহযোগীদের অবশ্যই আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের গোপনীয়তা এবং নিরাপত্তা রক্ষা করতে হবে, ঠিক যেভাবে আমরা করে থাকি।

আমরা আপনার সাথে যোগাযোগ করার জন্যও আপনার তথ্য ব্যবহার ও বিনিময় করতে পারি:

- স্বাস্থ্য-সম্পর্কিত সুবিধা ও পরিষেবাগুলির প্রসঙ্গে।
- আপনার আসন্ন সাক্ষাৎকারগুলির প্রসঙ্গে।
- আপনি গবেষণা প্রকল্পগুলিতে অংশ নিতে চান কিনা তা জানতে।
- NYU Langone Health এর জন্য অর্থসংগ্রহের প্রসঙ্গে।

অর্থসংগ্রহ সংক্রান্ত বার্তালাপগুলি গ্রহণ না করার সিদ্ধান্ত নেওয়ার অধিকার আপনার আছে।

আপনি NYU Langone Health উন্নয়ন দপ্তর (Development Office) এর সাথে

developmentoffice@nyulangone.org এ যোগাযোগ করার মাধ্যমে বা 212-404-3640 বা, নিঃশব্দ 1-800-422-4483 নম্বরে ফোন করে এটি করতে পারেন।

আপনি অংশ নিতে সমর্থ হতে পারেন এমন গবেষণামূলক প্রকল্পগুলি সংক্রান্ত বিজ্ঞপ্তি যদি আপনি পেতে না চান, তাহলে আপনি research-contact-optout@nyulangone.org এ বা 1-855-777-7858 নম্বরে যোগাযোগ করতে পারেন।

আমরা যদি সংবেদনশীল স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ব্যবহার বা বিনিময় করি তাহলে বিশেষ সুরক্ষা প্রয়োজ্য হয়। এর অন্তর্ভুক্ত হল HIV-সম্পর্কিত তথ্য, মানসিক স্বাস্থ্য সংক্রান্ত তথ্য, অ্যালকোহল

NYU Langone Health

গোপনীয়তার কার্যভ্যাস সংক্রান্ত বিজ্ঞপ্তি

[NYU Langone Health Notice of Privacy Practices]

বা মাদকের আসক্তিজনিত চিকিৎসা সংক্রান্ত তথ্য, বা জিনগত তথ্য। উদাহরণস্বরূপ, নিউ ইয়র্ক স্টেট আইনের (New York State Law) অধীনে HIV-সম্পর্কিত গোপনীয় তথ্য শুধুমাত্র সেইসকল ব্যক্তিদের সাথে বিনিময় করা যেতে পারে যাদের আইনসম্মতভাবে এটি পাওয়ার অনুমতি আছে, অথবা আপনি যে সকল ব্যক্তিকে একটি সুনির্দিষ্ট অনুমোদন ফর্মে স্বাক্ষর করার মাধ্যমে এটি পাওয়ার অনুমতি দিয়েছেন। যদি আপনার চিকিৎসায় এই তথ্যটি যুক্ত থাকে, তাহলে আরো ব্যাখ্যার জন্য আপনি গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তার (Privacy Officer) সাথে যোগাযোগ করতে পারেন।

অন্যান্য উপায়ে আপনার তথ্য বিনিময় করার অনুমতিও আমাদের আছে, এবং কখনো কখনো আইনের দ্বারা বাধ্য থাকি। নিচের কারণগুলির জন্য আপনার তথ্য বিনিময় করতে পারার আগে আমাদেরকে আইনের কিছু শর্ত পূরণ করতে হবে। প্রতিটির কতগুলি উদাহরণ হল:

- জন স্বাস্থ্য এবং নিরাপত্তা: রোগ, জন্ম, বা মৃত্যু সম্পর্কে রিপোর্ট করা; সন্দেহজনক অপব্যবহার, অবহেলা, বা ঘরোয়া অত্যাচার সম্পর্কে রিপোর্ট করা; স্বাস্থ্য বা জন নিরাপত্তার একটি গুরুতর হুমকি এড়িয়ে চলা; পণ্য প্রত্যাহার নিরীক্ষণ করা; এবং নিরাপত্তা ও গুণমানের উদ্দেশ্যে তথ্য জানানো
- গবেষণা: আমাদের প্রাতিষ্ঠানিক পর্যালোচনা বোর্ড (institutional review board, IRB) দ্বারা স্বাস্থ্যের রেকর্ড সংক্রান্ত যে সকল প্রকল্পগুলি অনুমোদিত হয়েছে এবং আপনার গোপনীয়তার ক্ষেত্রে কম ঝুঁকিপূর্ণ সেগুলিকে বিশ্লেষণ করা; একটি গবেষণামূলক অধ্যয়নের জন্য প্রস্তুতি নেওয়া; যে সকল অধ্যয়নগুলি শুধুমাত্র মৃত ব্যক্তিদের তথ্যকে অন্তর্ভুক্ত করে
- বিচারসংক্রান্ত এবং প্রশাসনমূলক কার্যধারা: একটি আদালতের বা প্রশাসনিক আদেশের প্রতি সাড়া দেওয়া
- কর্মীদের ক্ষতিপূরণ এবং অন্যান্য সরকারী অনুরোধ: কর্মীদের ক্ষতিপূরণের দাবির অর্থপ্রদান বা শুনানি; আইনের দ্বারা অনুমোদিত কাজকর্মের জন্য স্বাস্থ্য সংক্রান্ত নজরদারী সংস্থাগুলি; বিশেষ সরকারী কাজ (সামরিক, জাতীয় সুরক্ষা)
- আইন বলবৎকরণ: একজন আইন বলবৎকারী অফিসারের সাহায্য যাতে একজন সন্দেহভাজন বা নিরুদ্দিষ্ট ব্যক্তিকে শনাক্ত বা সন্ধান করা যায়
- আইন মান্য করা: স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগের (Department of Health and Human Services) সাথে তথ্য বিনিময় করা যাতে আমরা যুক্তরাষ্ট্রীয় গোপনীয়তা সংক্রান্ত আইন মেনে চলছি কিনা তা দেখা যায়
- বিপর্যয়কালীন ত্রাণের পরিস্থিতি: আপনার পরিবার, বন্ধু, এবং আইন দ্বারা সনদপ্রাপ্ত সংস্থাগুলিকে জানানোর উদ্দেশ্যে আপনার অবস্থান এবং সাধারণ অবস্থান বিনিময় করা যাতে আপৎকালীন পরিস্থিতিতে সহায়তা করা যায়
- সেইসকল সংস্থার সাথে যারা অঙ্গ, কোষকলা, বা চক্ষুদান বা প্রতিস্থাপন পরিচালনা করে

NYU Langone Health

গোপনীয়তার কার্যভ্যাস সংক্রান্ত বিজ্ঞপ্তি

[NYU Langone Health Notice of Privacy Practices]

- একজন শবপরীক্ষক, চিকিৎসাগত পরীক্ষক, বা অন্ত্যেষ্টিক্রিয়া নির্দেশকের সাথে তাদের কাজের প্রয়োজনানুসারে
- একটি অনুমোদিত ব্যবহার বা প্রকাশের ক্ষেত্রে দৈবাৎ ঘটা: একটি অপেক্ষাস্থলে সাক্ষাৎকারের জন্য আপনার নাম ডাকা এবং অপেক্ষাস্থলে থাকা অন্যান্যরা আপনাকে ডাকা নামটি শুনে ফেলতে পারেন। আমরা এইসকল দৈবাৎ ব্যবহার ও প্রকাশগুলিকে সীমিত করার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা করি।

নিচের পরিস্থিতিগুলিতে, আমরা আপনার তথ্য ব্যবহার বা বিনিময় করতে পারি, যদি না আপনি আপত্তি করেন বা আপনি যদি বিশেষভাবে আমাদের অনুমতি দেন। যদি কোনও কারণে আপনি আপনার পছন্দগুলি আমাদের বলতে সমর্থ না হন, উদাহরণস্বরূপ আপনি যদি সংজ্ঞাহীন হন, তাহলে আমরা আপনার তথ্য বিনিময় করতে পারি যদি আমরা বিশ্বাস করি যে এটি আপনার স্বার্থের পক্ষে সবচেয়ে ভাল।

- আমাদের রোগীর ডাইরেক্টরির জন্য, আমাদের যাজকীয় পরিষেবা বিভাগের সাথে সহ, যেমন একজন যাজক বা ইহুদি পন্ডিত।
- আপনার পরিবার, বন্ধু, বা আপনার সেবা বা আপনার সেবার জন্য অর্থপ্রদানের সাথে যুক্ত অন্যান্যদের সাথে।

নিচের পরিস্থিতিগুলিতে, আপনি আমাদের লিখিত অনুমতি দিলে শুধুমাত্র সেক্ষেত্রেই আমরা আপনার তথ্য ব্যবহার বা বিনিময় করব:

- বিপণনের উদ্দেশ্যে
- আপনার তথ্য বিক্রয় বা একটি তৃতীয় পক্ষের কাছ থেকে অর্থপ্রাপ্তি
- সাইকোথেরাপি নোটগুলির সবচেয়ে বেশি বিনিময়
- এই বিজ্ঞপ্তিতে বর্ণনা না করা অন্য কোনো কারণ

গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তার (Privacy Officer) সাথে যোগাযোগ করার মাধ্যমে আপনি সেই অনুমতিটি প্রত্যাহার করে নিতে (ফিরিয়ে নিতে) পারেন, যেক্ষেত্রে আমরা ইতিমধ্যেই এটির উপর ভরসা করেছি সেটি ছাড়া।

আপনার অধিকার

আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের প্রসঙ্গে, আপনার কিছু নির্দিষ্ট অধিকার আছে। আপনি যা করতে পারেন:

- বিলিং রেকর্ডগুলি সহ আপনার চিকিৎসাগত রেকর্ডের ইলেকট্রনিক বা কাগজের কপি পর্যালোচনা করতে বা পেতে পারেন। আপনার রেকর্ডগুলির জন্য আপনার কাছ থেকে একটি যুক্তিসঙ্গত মূল্য ভিত্তিক ফি নেওয়া হতে পারে। আমরা যে কোনো দেবী সম্পর্কে আপনাকে জানাবো। এছাড়াও <https://mychart.nyulmc.org/> এ গিয়ে আমাদের সুরক্ষিত

NYU Langone Health

গোপনীয়তার কার্যভ্যাস সংক্রান্ত বিজ্ঞপ্তি

[NYU Langone Health Notice of Privacy Practices]

রোগী পোর্টাল, NYU Langone Health MyChart ব্যবহার করে আপনি সরাসরি আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য দেখতে পারেন।

- বার্তালাপ গোপনীয় রাখার অনুরোধ জানান। আপনি একটি সুনির্দিষ্ট উপায়ে আপনার সাথে যোগাযোগ করার জন্য আমাদের বলতে পারেন, উদাহরণস্বরূপ, সেল ফোনের মাধ্যমে। আমরা সকল যুক্তিসঙ্গত অনুরোধগুলিতে "হ্যাঁ" বলব।
- আপনার চিকিৎসা, অর্থপ্রদান, এবং স্বাস্থ্য সেবা পরিচালনার জন্য আমরা যেগুলি ব্যবহার বা বিনিময় করি তা আমাদের সীমিত করতে বলুন। আমরা আপনার অনুরোধে সম্মত হতে বাধ্য নই, কিন্তু আমরা এটি পর্যালোচনা করব। আপনি পরিষেবাগুলির জন্য সম্পূর্ণরূপে, নিজ খরচে অর্থপ্রদান করলে এবং আপনার বিমা পরিকল্পনার সাথে তথ্যটি বিনিময় করতে আমাদের মানা করলে, আমরা সম্মত হবো যদি না একটি আইন আমাদের সেই তথ্যটি বিনিময় করতে বাধ্য করে।
- আপনার চিকিৎসাগত রেকর্ড যদি ভুল বা অসম্পূর্ণ হয় তাহলে আমাদের সেটি সংশোধন করতে বলুন। আমরা আপনার অনুরোধে "না" বলতে পারি, কিন্তু তার কারণ আমরা 60 দিনের মধ্যে আপনাকে লিখিতভাবে জানাবো।
- আমরা যাদের সাথে তথ্য বিনিময় করেছি তাদের নামের একটি তালিকা পান। আপনি অনুরোধ জানানোর আগের ছয় বছর ধরে আমরা কতবার আপনার তথ্য বিনিময় করেছি এবং কেন আপনি তার একটি তালিকা (হিসাব) চাইতে পারেন। সকল প্রকাশগুলি এই তালিকাটিতে অন্তর্ভুক্ত থাকবে না, যেমন যেগুলি চিকিৎসা, অর্থপ্রদান, বা স্বাস্থ্য সেবা পরিচালনার জন্য করা হয়েছিল। এই তালিকাটি প্রতি 12 মাসে একবার বিনামূল্যে পাওয়ার অধিকার আপনার আছে, কিন্তু আমরা সেই সময়টিতে অতিরিক্ত তালিকাগুলি প্রদান করার খরচ আপনার জন্য ধার্য করতে পারি।
- এই গোপনীয়তা সংক্রান্ত বিজ্ঞপ্তিটির একটি কপি পান। শুধুমাত্র আমাদের বলুন এবং আমরা আপনার পছন্দের ফরম্যাটে (কাগজ বা ইলেকট্রনিক) আপনাকে একটি কপি দেবো।
- আপনার তরফে কাজ করার জন্য কাউকে বেছে নিন। এই "ব্যক্তিগত প্রতিনিধি" আপনার অধিকারগুলি প্রয়োগ করতে পারেন এবং আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য সম্পর্কে বিকল্পগুলি বেছে নিতে পারেন। সাধারণত, অপ্ৰাপ্তবয়স্কদের মা-বাবা ও অভিভাবকদের তাদের শিশুর জন্য এই অধিকারটি থাকবে, যদি না সেই অপ্ৰাপ্তবয়স্ক ব্যক্তি নিজের পক্ষ নিয়ে কাজ করার জন্য আইন দ্বারা অনুমোদিত হন।
- আপনি যদি মনে করেন যে আপনার অধিকারগুলি লঙ্ঘিত হয়েছে তাহলে একটি অভিযোগ দায়ের করুন। আপনি গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তা (Privacy Officer) অথবা ইউনাইটেড স্টেটস স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগের (United States Department of Health and Human Services) সচিবের সাথে যোগাযোগ করতে পারেন। অভিযোগ দায়ের করার জন্য আমরা আপনার প্রতি প্রতিহিংসা নেবো না বা আপনার বিরুদ্ধে ব্যবস্থা নেবো না।

NYU Langone Health
গোপনীয়তার কার্যভ্যাস সংক্রান্ত বিজ্ঞপ্তি
[NYU Langone Health
Notice of Privacy Practices]

- আপনার ইলেকট্রনিক চিকিৎসাগত রেকর্ডের সাপেক্ষে অতিরিক্ত গোপনীয়তা সংক্রান্ত নিরাপত্তার অনুরোধ জানান।

আমাদের দায়িত্বসমূহ

- আপনার সুরক্ষিত স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের গোপনীয়তা রক্ষা করার জন্য আমরা আইনের দ্বারা বাধ্য।
- আপনার শনাক্তযোগ্য তথ্যের গোপনীয়তা বা নিরাপত্তা ক্ষুণ্ণ করে থাকতে পারে এমন কোনো লঙ্ঘন ঘটলে আমরা তা আপনাকে জানাবো।
- এই বিজ্ঞপ্তিতে বর্ণিত কার্যভ্যাসগুলি আমাদের অবশ্যই অনুসরণ করতে হবে এবং আপনাকে এটির একটি কপি দিতে হবে।
- এই বিজ্ঞপ্তির শর্তগুলি পরিবর্তন করার অধিকার আমরা সংরক্ষিত রাখি এবং আপনার সম্পর্কে আমাদের কাছে থাকা সকল তথ্যের ক্ষেত্রে পরিবর্তনগুলি প্রযোজ্য হবে। নতুন বিজ্ঞপ্তিটি অনুরোধক্রমে এবং আমাদের ওয়েবসাইট www.nyulangone.org এ উপলব্ধ হবে।

প্রশ্ন বা উদ্বেগ

আপনার যদি কোনো প্রশ্ন থাকে বা এই বিজ্ঞপ্তিতে বর্ণিত আপনার অধিকারগুলি প্রয়োগ করতে চান, তাহলে অনুগ্রহ করে নিচের ঠিকানায় গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তার (Privacy Officer) সাথে যোগাযোগ করুন: One Park Avenue, 3rd Floor, New York, New York 10016, দৃষ্টি আকর্ষণ: গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তা (Privacy Officer), 1-877-PHI-LOSS বা 212-404-4079 নম্বরে ফোন মাধ্যমে, বা compliancehelp@nyulangone.org এ ইমেল করার মাধ্যমে।

আপনার অধিকারগুলি প্রয়োগ করার অধিকাংশ অনুরোধ অবশ্যই গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তাকে (Privacy Officer) অথবা যথাযথ ডাক্তারের অফিসে বা হাসপাতালের বিভাগে লিখিতভাবে জানাতে হবে। আরো তথ্যের জন্য অথবা একটি অনুরোধের ফর্ম পেতে গোপনীয়তা সংক্রান্ত কর্মকর্তার (Privacy Officer) সাথে যোগাযোগ করুন অথবা <http://nyulangone.org/policies-disclaimers/hipaa-patient-privacy> দেখুন।

এই বিজ্ঞপ্তিটি 6/1/2021 তারিখ থেকে কার্যকরী।